

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

তাগিদপত্র

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.১১.০০১.১৯.১৮৭

তারিখ: ১৯ আষাঢ়. ১৪২৬

০৩ জুলাই ২০১৯

বিষয়: পাংশা সরকারি কলেজ এর প্রভাষক আবু ছাঈদ মোহাম্মদ নুরুল হদা এর এডহক নিয়োগ।

সূত্র: ক. বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের স্মারক নং-৮০.০০.০০০০.১০৯.৩২.০০২.২০১৯-৫৯
তারিখ-০৭.০৪.২০১৯।

খ. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-ওএম/৬০সি-১/২০১৩-২৭৮৯/০৪ তারিখ-২৪.০৩.২০১৯।

গ. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৮৫.১১.০০১.১৯.১৪১, তারিখ: ২৯ মে ২০১৯


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে রাজবাড়ী জেলার পাংশা উপজেলাধীন সরকারিকৃত পাংশা কলেজের প্রভাষক জনাব আবু ছাঈদ মোহাম্মদ নুরুল হদা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আরবী ও ইসলামিক স্টাডিজ বিভাগ থেকে ১৯৮৭ সালে আরবী বিষয়ে বি.এ. অনার্স (রোল ৪২১) ডিগ্রি এবং ১৯৮৮ সালে একই বিভাগ থেকে ইসলামিক স্টাডিজ বিষয়ে এম.এ. (রোল ৪৮৫) ডিগ্রি অর্জন করেন। উল্লেখ্য যে, উল্লিখিত বর্ষসমূহে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আরবী ও ইসলামিক স্টাডিজ একই বিভাগ হওয়ার কারণে একটি অপরটির সংশ্লিষ্ট বিষয় হিসেবে গণ্য করা হতো বিধায় অর্ডিন্যান্স অনুযায়ী এ বিভাগে একজন শিক্ষার্থী আরবী বিষয়ে অনার্স ডিগ্রি অর্জন করার পর ইসলামিক স্টাডিজ বিষয়ে এম.এ. ডিগ্রি অর্জন করার সুযোগ লাভ করত। এরই ধারাবাহিকতায় আবু ছাঈদ মোহাম্মদ নুরুল হদা আরবী বিষয়ে অনার্স এবং ইসলামিক স্টাডিজ বিষয়ে মাস্টার্স ডিগ্রি অর্জন করেন (কপি সংযুক্ত)। পরবর্তীতে আত্মীকরণ প্রক্রিয়ার অংশ হিসেবে তার অনুকূলে ইসলামি শিক্ষা বিষয়ে পদ সৃজন করা হয়। আরবী বিষয়ে অনার্স এবং ইসলামিক স্টাডিজ বিষয়ে মাস্টার্স ডিগ্রি অর্জন করায় তার এডহক নিয়োগে জটিলতার সৃষ্টি হয়।

আবু ছাঈদ মোহাম্মদ নুরুল হদা এর এডহক নিয়োগের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জানায় যে, জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অশিক্ষক কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০০০ এর বিধি-৩ অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষই অর্থাৎ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ পাংশা সরকারি কলেজের প্রভাষক (ইসলাম শিক্ষা) পদে জনাব আবু ছাঈদ মোহাম্মদ নুরুল হদা এর এডহক ভিত্তিক নিয়োগের বিষয়ে উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করতে পারে (কপি সংযুক্ত)।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রত্যয়ন ও বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত বিশ্লেষণ করে পাংশা সরকারি কলেজ এর প্রভাষক আবু ছাঈদ মোহাম্মদ নুরুল হদা এর এডহক নিয়োগের বিষয়ে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি প্রস্তাব পাওয়া যায়নি।

এমতাবস্থায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রত্যয়ন ও বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত বিশ্লেষণ করে পাংশা সরকারি কলেজ এর প্রভাষক আবু ছাঈদ মোহাম্মদ নুরুল হদা এর এডহক নিয়োগের বিষয়ে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



৩-৭-২০১৯

রনি চাকমা

সিনিয়র সহকারী সচিব

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.১১.০০১.১৯.১৮৭/১(৩)

তারিখ: ১৯ আষাঢ়. ১৪২৬

০৩ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৩-৭-২০১৯

রনি চাকমা

সিনিয়র সহকারী সচিব